

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ইম্প্লুভমেন্ট অব পাবলিক ফাইন্যান্সিয়াল সার্ভিস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন অব BACS & iBAS++  
স্ট্রেন্‌দেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS)  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
আই ই বি ভবন (৫ম তলা), রমনা, ঢাকা-১০০০

স্মারক নম্বর - ০৭.০০.০০০০.০০০.২৫.০৪৩.২০-১৬২৫

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৮  
১৫ জুলাই ২০২১


**বিষয়: iBAS++-এর ডিডিও মডিউল-বিষয়ক অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে সরকারের আর্থিক ব্যবস্থাপনা আরো সুসংহত করার নিমিত্ত উন্নয়নকৃত ইম্প্লুভমেন্ট অব পাবলিক ফাইন্যান্সিয়াল সার্ভিস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন অব BACS & iBAS++ এর কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। বর্তমানে iBAS++ সিস্টেম ব্যবহার করে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর এবং মাঠ পর্যায়ের দপ্তর/সংস্থাসমূহের আয়ন-ব্যয়ন কর্মকর্তাগণ (ডিডিও) বাজেট বাস্তবায়নের কাজগুলো পরিচালনা করছেন। iBAS++ -এ সংযুক্ত নতুন ফিচারসমূহ অবহিতকরণের লক্ষ্যে সকল দপ্তর/সংস্থার আয়ন-ব্যয়ন কর্মকর্তাদের (ডিডিও) জন্য অনলাইন প্রশিক্ষণের পরিকল্পনা করা হয়েছে।

২। বর্ণিতাবস্থায়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর ও মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনস্থ সকল অফিস/দপ্তরসমূহের (আইবাস++ এর অন্তর্ভুক্ত) আয়ন-ব্যয়ন কর্মকর্তাদের প্রশিক্ষণ আগামী ০২, ০৩, ০৪ ও ০৫ আগস্ট ২০২১ তারিখে সকাল: ১০:০০ টা হতে দুপুর: ০১:০০টা এবং দুপুর ২:০০টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে অনুষ্ঠিত হবে। উক্ত তারিখের যে কোনো একদিন একটি ব্যাচে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নির্ধারিত তারিখের পূর্বেই অনলাইনে রেজিস্ট্রেশন (<http://training.finance.gov.bd/onlinetraining>) কার্যক্রম সম্পন্ন করতে হবে (সংযুক্তি-অনলাইনে ডিডিও মডিউলে রেজিস্ট্রেশনের পদ্ধতি)।

৩। এমতাবস্থায়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের সকল অফিস/দপ্তরসমূহের আয়ন-ব্যয়ন কর্মকর্তাদের (ডিডিও) উক্ত অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। [এ বিষয়ে প্রয়োজনে জনাব আশরাফুল কবির, জু. কনসালটেন্ট, মোবাইল-০১৭১৮-২০২২৭৬ এর সাথে যোগাযোগ করা যেতে পারে। উল্লেখ্য, এই প্রশিক্ষণে কোনো প্রশিক্ষণ ভাতা/টিএ/ডিএ প্রদান করা হবে না।]

সংযুক্তি: বর্ণনামতে।

  
(বিলাল খান রিমি)

প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর (যুগ্মসচিব)

☎ ৫৫১১০৫৪৬-৫৫

ই-মেইল: [ibas2.training@gmail.com](mailto:ibas2.training@gmail.com)

**মহাপরিচালক**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ মৎস্য অধিদপ্তর/  
প্রাণিসম্পদ অধিদপ্তর/ মহিলা বিষয়ক অধিদপ্তর

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস প্রোগ্রাম ও অতিরিক্ত সচিব (বাজেট-১), বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। টিম লিডার, আইবাস++ উন্নয়ন টিম, এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ।  
(প্রশিক্ষণ সিস্টেম প্রস্তুত রাখার অনুরোধসহ)



## Online Training DDO মডিউলের রেজিস্ট্রেশন পদ্ধতি

ইন্টারনেট ব্রাউজার (Google Chrome or Mozilla Firefox) এর Address Bar এ training.finance.gov.bd/onlinetraining টাইপ করে কী-বোর্ডের Enter বাটন চাপলে Landing page এ প্রবেশ করবে

### পূর্বে রেজিস্ট্রেশনকৃত

যারা পূর্বে রেজিস্ট্রেশন করেছেন শুধুমাত্র Login বাটনে ক্লিক করুন।

- login পেইজে পূর্বে প্রাপ্ত login ID (মোবাইল নম্বর) Password ও Captcha টাইপ করে Login করুন। (Password ভুলে গেলে login ID (মোবাইল নম্বর) ও Captcha টাইপ করে Forgot Password এ ক্লিক করলে মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে একটি ওয়ান টাইম পাসওয়ার্ড পাবেন যা দিয়ে login করতে পারবেন)
- DDO Module এর Sessions এ নির্ধারিত তারিখ ও সময় নির্বাচন করে Register বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবেন।

### নতুন রেজিস্ট্রেশন

কর্মকর্তাগণ DDO Module প্রশিক্ষণের জন্য নিম্নলিখিতভাবে রেজিস্ট্রেশন করতে পারবেন:

Registration মেনুতে ক্লিক করলে Account Registration পেইজে প্রবেশ করবে এবং ঘরগুলো পূরণ করে Register বাটন ক্লিক করলে একটি পাসওয়ার্ড, সংশ্লিষ্ট কর্মকর্তার মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে যাবে

Go to Login Page বাটনে ক্লিক করে Account Login পেইজে Login ID (মোবাইল নম্বর), Password (মোবাইল মেসেজে প্রাপ্ত ৫ ডিজিটের নম্বর) ও Captcha টাইপ করে Login বাটনে ক্লিক করলে Training Module এ প্রবেশ করা যাবে

Training Module পেইজে এ DDO Module অপশন সিলেক্ট করলে DDO Module পেইজ ওপেন হবে

Sessions বাটন ক্লিক করে প্রশিক্ষণের সময়সূচি দেখা যাবে এবং প্রশিক্ষণার্থী তাঁর নির্ধারিত তারিখ ও সময় নির্বাচন করে Register বাটনে ক্লিক করে, Confirm ক্লিক করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে

Materials বাটন ক্লিক করে প্রশিক্ষণের উপকরণসমূহ (ম্যানুয়াল, FAQ, Training এর zoom link এবং অন্যান্য প্রয়োজনীয় উপকরণসমূহ) অনলাইন এ সফট কপি দেখা যাবে। প্রশিক্ষণের দিন zoom link এ লিংকে ক্লিক করে প্রশিক্ষণে অংশগ্রহণ করুন।